



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।



“জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার”

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী


সভাপতি	: প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), কেজিডিসিএল।
তারিখ	: ১৮-০২-২০২৪
স্থান	: প্রধান কার্যালয়ের সভা কক্ষ।
উপস্থিত সদস্য	: পরিশিষ্ট-ক

অফিস আদেশ নং ২৮.১৫.০০০০.২০৪.১৮.০১৬.২৪.১১১, তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০২৪ মোতাবেক গঠিত কমিটি ‘শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪’ উদযাপন উপলক্ষ্যে কেজিডিসিএল-এর সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) এর সভাপতিত্বে অদ্য ১৮-০২-২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কোম্পানির সভা কক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপস্থিত সকলকে সভাপতি কর্তৃক স্বাগত জানানো হয়। তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি মন্ত্রণালয় ও চট্টগ্রাম জেলা প্রশাসন কার্যালয়ের এতদসংশ্লিষ্ট সভার সিদ্ধান্তের আলোকে বক্তব্য উপস্থাপন করেন এবং যথাযথ মর্যাদায় “শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪” উদযাপনের লক্ষ্যে সভায় উপস্থিত সকলের সুচিন্তিত মতামত আহ্বান করেন। অতঃপর কেজিডিসিএল-এর নিম্নোক্ত কর্মসূচি পালনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী
১।	২১-০২-২০২৪ সূর্যোদয় ও সূর্যাস্তের সময়।	পতাকা বিধিমালা ১৯৭২ অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলনপূর্বক অর্ধনমিত রাখা ও কালো পতাকা উত্তোলন করা এবং নামানো।	সিকিউরিটিজ ডিপার্টমেন্ট (কেজিডিসিএল-এর প্রধান কার্যালয়, হালিশহর ও ফৌজদারহাট স্থাপনা)।
২।	২১-০২-২০২৪ সকাল ৭:০০ ঘটিকা।	কেজিডিসিএল-এর প্রধান কার্যালয়ে জমায়েত ও কালো ব্যাজ ধারণ।	আবশ্যিকভাবে অংশগ্রহণে সকল কর্মকর্তা ও কর্মচারী।
৩।	২১-০২-২০২৪ সকাল ৭:১৫ ঘটিকা।	কেজিডিসিএল-এর প্রধান কার্যালয় হতে রাইফেলস ক্লাব, কে. সি. দে রোড, চট্টগ্রাম অভিমুখে রওনা।	আবশ্যিকভাবে অংশগ্রহণে সকল কর্মকর্তা ও কর্মচারী।
৪।	২১-০২-২০২৪ সকাল ৭:৩০ ঘটিকা।	রাইফেলস ক্লাব, কে. সি. দে রোড, চট্টগ্রাম হতে মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম (নিউ মার্কেটের উত্তর পাশে) অবস্থিত শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে রওনা।	আবশ্যিকভাবে অংশগ্রহণে সকল কর্মকর্তা ও কর্মচারী।
৫।	২১-০২-২০২৪	২১ ফেব্রুয়ারি ২০২৪ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে স্থানীয়ভাবে অনুরূপ কর্মসূচী পালনের লক্ষ্যে ফৌজদারহাটস্থ শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবে। এতদসংক্রান্ত কার্যক্রমে ফৌজদারহাট স্থাপনায় কর্মকর্তা ও কর্মচারীগণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। ফৌজদারহাট স্থাপনার জন্য ফুলের রিং ও কালো ব্যাজ প্রস্তুতকরণ ও বিতরণ।	প্রশাসন ও নিরাপত্তা শাখা, সিকিউরিটিজ ডিপার্টমেন্ট।
৬।	২১-০২-২০২৪	কেজিডিসিএল-এর প্রধান কার্যালয়, হালিশহর ও ফৌজদারহাট স্থাপনার জন্য ব্যানার প্রস্তুতকরণ। মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজ, চট্টগ্রামে অবস্থিত শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে ফুলের রিং প্রস্তুতকরণ। স্থিরচিত্র ধারণ।	সমন্বয় শাখা, জনসংযোগ ও সমন্বয় ডিপার্টমেন্ট। জনসংযোগ শাখা, জনসংযোগ ও সমন্বয় ডিপার্টমেন্ট।

৭।	২১-০২-২০২৪	২১ ফেব্রুয়ারি ২০২৪ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে প্রস্তুতকৃত ব্যানার টাঙ্গানো। মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজ, চট্টগ্রামে অবস্থিত শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে প্রস্তুতকৃত ফুলের রিং যথাস্থানে পৌঁছানোর ব্যবস্থা করা। প্রধান কার্যালয় ও হালিশহর কার্যালয়ের জন্য কালো ব্যাজ প্রস্তুতকরণ ও বিতরণ।	কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।
৮।	-	২১ ফেব্রুয়ারি ২০২৪ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীগণ বর্ণিত সময় অনুযায়ী উল্লেখিত স্থানে গমন-আগমনের জন্য যথারীতি লিফটিং গাড়ি ও অ্যাটাচ গাড়ি ব্যবস্থা রাখা এবং প্রয়োজনীয় বিজ্ঞপ্তি জারি করা।	কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট ও অ্যাটাচড গাড়ি ব্যবহারকারী কর্মকর্তাবৃন্দ।
৯।	-	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের বর্ণিত কর্মসূচিতে সকল কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে অফিস আদেশ জারি করা।	প্রশাসন ডিপার্টমেন্ট।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় “শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪” যথাযোগ্য মর্যাদায় পালনের বিষয়ে কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক সহযোগিতা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু)
 মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)
 ও
 আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কেজিডিসিএল, চট্টগ্রাম।
- ২। সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা প্রধানকেজিডিসিএল, চট্টগ্রাম।
- ৩। সকল নোটিশ বোর্ড (প্রধান কার্যালয়/ফৌজদারহাট/হালিশহর এবং আইটি ডিপার্টমেন্টে নিয়ন্ত্রণাধীন ইলেকট্রনিক/এলইডি স্ক্রিন, কেজিডিসিএল, চট্টগ্রাম)।
- ৪। অফিস কপি।